



২৯ পৌষ ১৪২৭
তারিখ: ১৩ জানুয়ারি ২০২১

স্মারক সংখ্যা: ৩৮.৩৯৯.০১৬.০০.০০.৯২৫.২০২০-৩২৬

বিষয়: মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের জন্য সম্পাদিত বেইজলাইন সার্ভের ত্রুটি সংশোধনের বিষয়টি জেলা প্রশাসকের মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং প্রকল্প দপ্তরকে অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্র: ১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর এর স্মারক নং-০০.০০.৫১০০.০০৬.৩৩.০১৪.২০২০-৬১৯, তারিখ-৩১/০৮/২০২০।
২। বিএলপি স্মারক পত্র নং-৩৮.৩৯৯.০১৬.০০.০০.৯২৫.২০২০-২২৫, তারিখ-০৩/১১/২০২০।
৩। বিএলপি এর স্মারক পত্র নং- ৩৮.৩৯৯.০১৬.০০.০০.৯২৫.২০২০-২৯২, তারিখ-১৫/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপে মুজিব বর্ষ উপলক্ষে ১৫-৪৫ বছর বয়সের ২১ লক্ষ নিরক্ষর ও শিক্ষা বঞ্চিত নারী-পুরুষকে মৌলিক সাক্ষরতা প্রদানের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

২। লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলাতে মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২য় ধাপের শিখনকেন্দ্র বাস্তবায়নের জন্য আপনার NGO 'জন সেবা কেন্দ্র (JSK)' কে দায়িত্ব প্রদান করা হলে আপনার সংস্থা কর্তৃক উক্ত উপজেলাতে বেইজলাইন সার্ভের মাধ্যমে ১৫-৪৫ বছর বয়সের নিরক্ষর ও শিক্ষা বঞ্চিত নারী-পুরুষকে চিহ্নিত করে তালিকা প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত তালিকা ত্রুটিপূর্ণ মর্মে জেলা প্রশাসক লক্ষ্মীপুর সূত্রোক্ত ১ নং স্মারক পত্রের মাধ্যমে মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) কে অবহিত করেন।

৩। আপনার সংস্থা কর্তৃক বেইজলাইন সার্ভের মাধ্যমে প্রস্তুতকৃত তালিকায় পরিলক্ষিত ত্রুটি শিখনকেন্দ্র চালুর পূর্বেই সংশোধনের জন্য সূত্রোক্ত স্মারক পত্র নং- ২ ও ৩ এর মাধ্যমে অনুরোধ জানানো হয়। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, লক্ষ্মীপুর এর সাথে টেলিফোনে আলাপ করে জানা যায় ইতোমধ্যেই উল্লিখিত সকল ত্রুটি সংশোধন করা হয়েছে।

৪। উল্লেখ্য যে, বেইজলাইন সার্ভের সংশোধিত তালিকা উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি (UNFEC) কর্তৃক অনুমোদন করাতে হবে। অতঃপর ত্রুটি সংশোধনের বিষয়টি জেলা প্রশাসক, লক্ষ্মীপুর এর মাধ্যমে মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) কে অবহিত করাতে হবে। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর এর বেইজলাইন সার্ভের ত্রুটি সংশোধন বিষয়ক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে আপনার সংস্থার বেইজলাইন সার্ভে বাবদ ব্যয়িত অর্থ ছাড় করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

(শামীমুল হক পাভেল)
প্রকল্প পরিচালক
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
ফোন: ২২২২৮৫৭৮০

Suma

নির্বাহী পরিচালক
জন সেবা কেন্দ্র (JSK)
বাড়ি নং-৪৭ (দোতলা), রোড-০১
ব্লক-জি, বনশ্রী, ঢাকা-১২১৯।

বিতরণ: সদয় অবগতির জন্য-

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৩। সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (পত্রটি বিএনএফই'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। প্রোগ্রামার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), ঢাকা (পত্রটি বিএলপি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে-

- ১। জেলা প্রশাসক, জেলা-লক্ষ্মীপুর (বেইজলাইন সার্ভের সংশোধিত তালিকার সঠিকতার বিষয়ে অবহিত করার অনুরোধসহ)।
২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-রামগতি, জেলা-লক্ষ্মীপুর (প্রয়োজনীয় সহযোগিতাদানের অনুরোধসহ)।
৩। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, কালেক্টরেট ভবন, জেলা-লক্ষ্মীপুর (ত্রুটি সংশোধনের বিষয়টি জেলা প্রশাসকের মাধ্যমে মহাপরিচালক, বিএনএফই এবং প্রকল্প পরিচালক, বিএলপিকে/অবহিতকরণের বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)।
৪। উপজেলা প্রোগ্রাম অফিসার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, উপজেলা-রামগতি, জেলা-লক্ষ্মীপুর (বর্ণিত বিষয়টি নিশ্চিত করার নির্দেশনাসহ)।
৫। অফিস কপি।